আরও চাকরির খবর ভেতরের পাতায়
কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ৫

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

বর্ষ ৪৭ সংখ্যা ১৪ কলকাতা বুধবার, ২৮ অক্টোবর ২০২৬/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১১ কার্তিক ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

রাজ্য সরকারে ১১৪৫ সাব-সার্ভেয়র

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন

১,১৪৫ জন সাব-সার্ভেয়র নেবে পশ্চিমবঙ্গ সরকার। নিয়োগ করা হবে সরকারের ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রিফর্মস অ্যান্ড রিফিউজি রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন দপ্তরের ডিরেক্টোরেট অব ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্ভেজে। প্রার্থীকে অবশ্যই বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ২২/২০২৪।

শূন্যপদের বিন্যাস: সাধারণ ৫৩৭, তফসিলি জাতি ২২৯, তফসিলি উপজাতি ৬৯, ওবিসি ৮০, আর্থিক ভাবে অনগ্রসর ১০৪, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৩৫, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১১, দক্ষ খেলোয়াড় ২৩, প্রাক্তন সমরকর্মী-আর্থিক ভাবে অনগ্রসর ১১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩৪, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১২।

খেলোয়াড় নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে— অ্যাথলেটিক্স (ট্র্যাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েট লিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো-খো, আর্চারি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এআইসিটিই বা ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল্ অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সার্ভে ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা আইটিআই থেকে সার্ভেয়র ট্রেডে ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ-সহ সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-১-২০২৪ তারিখে ২১ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৪,৭০০-৬৩,৯০০

এরপর দুয়ের পাতায়

রাজ্য সরকারে ২৬৬ স্টেনোগ্রাফার

২৬৬ জন ইংলিশ স্টেনোগ্রাফার (বেসিক গ্রেড) নেবে পশ্চিমবঙ্গ সরকার। নিয়োগ করা হবে শিডিউল 'এ' এবং 'বি' ক্যাটেগরিতে। প্রার্থীকে অবশ্যই বাংলা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে (নেপালিভাষীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৫।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন

শিডিউল অনুসারে শূন্যপদের বিন্যাস: শিডিউল 'এ': ১৪৬টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ৯, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ১৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৫, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১, খেলোয়াড় ৩)। শিডিউল 'বি': ১২০টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ২৬, তফসিলি উপজাতি ৭, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ১২, সাধারণ-দৈহিক

এরপর দুয়ের পাতায়

শুভ বিজয়া



'কর্মক্ষেত্র'র পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা ও শুভানুধ্যায়ী সকলকে বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাই।

রেলে ১২৫০ স্টেশন মাস্টার

স্টেশন মাস্টার পদে দেশ জুড়ে ১,২৫০ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নিয়োগ করা হবে দেশের মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৮/২০২৬।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। **বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৬ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটারভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে।

এরপর চারের পাতায়

সুপ্রিম কোর্টে সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট

সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদে ৬৫ জনকে নেবে সুপ্রিম কোর্ট। নিয়োগ করা হবে গ্রুপ-বি পদে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.6/11/SPA/2026-SC (RC)

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ইংরেজি শর্টহ্যান্ডে মিনিটে ১১০টি শব্দের

এরপর চারের পাতায়

ভেলে ৬৬০ আর্টিজান

বিভিন্ন ট্রেডে ৬৬০ জন আর্টিজান নেবে ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড (ভেল)। এটি কেন্দ্রের ভারী শিল্প মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ভেলের ৯টি ম্যানুফ্যাকচারিং ইউনিটে। প্রার্থী যে-ইউনিটের শূন্যপদে দরখাস্ত করবেন, তাঁকে অবশ্যই সেই অঞ্চলের স্থানীয় ভাষা জানতে হবে। তাই হিন্দি জানলে আবেদন করা যাবে, এমন ৩টি ইউনিটের ১৮০টি শূন্যপদের বিষয়ে এখানে বিশদে জানানো হল। প্রথমে ১ বছর অস্থায়ী কর্মী হিসেবে কাজ করতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০১/২০২৬।

ইউনিট ও ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: হেভি ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট প্ল্যান্ট (হরিদ্বার, উত্তরাখণ্ড): ফিটার ২০টি, ওয়েল্ডার ৬টি, টার্নার ৫টি, মেশিনিস্ট ১৪টি, ইলেক্ট্রিশিয়ান ১২টি, ফাউন্ড্রিম্যান ৩টি। **হেভি ইলেক্ট্রিক্যাল প্ল্যান্ট (ভোপাল, মধ্যপ্রদেশ):** ফিটার ১৯টি, ওয়েল্ডার ৩টি, টার্নার ৩টি, মেশিনিস্ট ১৫টি, ইলেক্ট্রিশিয়ান ১৮টি, ফাউন্ড্রিম্যান ২টি। **ট্রান্সফর্মার প্ল্যান্ট (ঝাঁসি, উত্তরপ্রদেশ):** ফিটার ২২টি, ওয়েল্ডার ১০টি, মেশিনিস্ট ১০টি, ইলেক্ট্রিশিয়ান ১৮টি।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: হেভি ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট

এরপর দুয়ের পাতায়

ইনকাম ট্যাক্সে ১১৯ দক্ষ খেলোয়াড়

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার গ্রেড-টু ও মাল্টি টাস্কিং স্টাফ পদে ১১৯ জন খেলোয়াড় নেবে ইনকাম ট্যাক্স। প্রার্থীদের দিল্লি রিজিয়নে নিয়োগ করা হবে। প্রথমে ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: P-342/Pr.CCIT/Sports Quota Recruitment/2026-27/10703.

ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস: আর্চারি ২টি (পুরুষ ১,

এরপর চারের পাতায়

সেন্ট্রাল ওয়্যারহাউজিংয়ে ৩২৭

বিভিন্ন পদে ৩২৭ জন কর্মী নেবে সেন্ট্রাল ওয়্যারহাউজিং কর্পোরেশন। এটি কেন্দ্রের কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাবলিক ডিস্ট্রিবিউশন মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CWC/I-Manpower/DR/Rectt/2026/01.

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল): ৭০টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ওবিসি ২৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি বা ডিপ্লোমা।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেকনিক্যাল): ৬০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার বা ফুড টেকনোলজি বা ফুড সায়েন্স বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা ফুড টেকনোলজি ম্যানেজমেন্ট বা বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফিনান্স): ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** বি কম-সহ ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টিংয়ে ৩ বছরের অভিজ্ঞতা। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সেই সঙ্গে সিএ বা সিএমএ ইন্টারমিডিয়েট পাশ করে থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং)-সিভিল: ২২টি

এরপর দুয়ের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে



স্বনির্ভরতার সন্ধান

ভবিষ্যতের দিশারি হাইড্রোপোনিক কৃষি-পদ্ধতি

বিকল্প চাষের পদ্ধতি হাইড্রোপোনিক কৃষি। এই পদ্ধতিতে চাষাবাদে মাটির প্রয়োজন নেই। ফলে গ্রামে তো বটেই, শহরেও বাণিজ্যিক ভাবে ফসল ফলানো সম্ভব। বেকার তরুণ-তরুণী অথবা অবসরপ্রাপ্তরাও এই বিকল্প চাষ শুরু করতে পারেন নিজের বাড়ির ছাদে বা উঠোনে।হাইড্রোপোনিক চাষের প্রশিক্ষণ দিচ্ছে দেশের বেশ কয়েকটি সংস্থা।



নিজস্ব প্রতিনিধি: জমির সমস্যা মিটিয়ে চাষের পরিমাণ বাড়াতে হাইড্রোপোনিক কৃষি অত্যন্ত কার্যকরী। বিশ্বের সব দেশেই এই পদ্ধতিতে চাষ করা হচ্ছে। আধুনিক বিজ্ঞানসম্মত এই চাষ-পদ্ধতি ভবিষ্যতের দিশারি। এই চাষে অতিবৃষ্টি বা খরায় ফসল নষ্ট হওয়ার ভয় নেই। রোগপোকা নিয়ন্ত্রণ করা যায়। এই চাষ-পদ্ধতিতে বাণিজ্যিক ভাবেও ফসল ফলানো সম্ভব। বিশেষ করে যাঁরা শহরে থাকেন, তাঁরা তাঁদের ছাদ-বাগানেই এই পদ্ধতিতে ফসল ফলিয়ে উপার্জন করতে পারেন।

হাইড্রোপোনিক পদ্ধতিতে গাছ মাটিবিহীন পাত্রে যথাযথ খাদ্য ও জল পেয়ে বেড়ে ওঠে। প্রকৃতি ও বিজ্ঞানের এই মেলবন্ধনের মাধ্যমে প্রতিকূল পরিবেশেও খাদ্যের জোগান ঠিক রাখা সম্ভব। গ্রামের ভূমিহীন কৃষকরাও এই বিকল্প পদ্ধতির চাষের মাধ্যমে স্বনির্ভর হতে পারেন। শুধু কৃষকরাই নন, চাইলে অন্য পেশাজীবী বা বেকার তরুণ-তরুণী অথবা অবসরপ্রাপ্তরাও এই বিকল্প চাষ শুরু করতে পারেন নিজের বাড়িতেই। বিভিন্ন শাক-

এরপর সাতের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

Urgent Recruitment- Sales Person, S.L. Agarbatti Company Experienced Sales Representatives/ Sales Officer Job Locations : South 24 Parganas/. Medinipur Purulia/ Bardhaman/ Birbhum/ Nadia/ Bankura. যোগাযোগ: 79806-04501/ 93267-90032.

□

24 ঘণ্টা সংসারের অল্প কাজ করার জন্য, একজন মাঝবয়সি মহিলা দরকার, খাওয়া-দাওয়া ও বেতন-সহ সত্বর যোগাযোগ করুন। M: 62910-77165/ 98303-06085.

□

কাজের লোক চাই (২৪ ঘণ্টা), হাওড়ায় গৃহস্থালির যাবতীয় কাজকর্ম ও বাচ্চা দেখাশোনার জন্য একজন বিশ্বস্ত, স্নেহশীল ও নিরাশ্রয়/ একা মহিলা প্রয়োজন। থাকা-খাওয়া সম্পূর্ণ বিনামূল্যে এবং উপযুক্ত বেতন দেওয়া হবে। M: 70035-71465.

□

(1.) উকিল (50L) (2.) ব্যবসা/ Marketing-এ অভিজ্ঞ, (3.) Office/ Outdoor Assistant চাই। SMS-91230-78306/ 85858-92443.

□

Dr. Graham's Homes Kalimpong Requires an Estate Manager Please refer to the School Website for further details. School Website : drgrahamshomes.net

□

কলকাতা যোধপুর পার্কে office-এ সব কাজ থেকে করার জন্য Peon চাই। থাকা আবশ্যিক Duty 12 hrs. বয়স 40-এর মধ্যে। Rs. 12000-15000 (যোগ্যতা অনুযায়ী) 84810-26050. expert admemail@gmail.com

□

Read office executive, teachers, Gr-D Staff (Male/Female) for educational institution. futureaim. education@gmail.com (81004-07494)

□

ITI ইলেকট্রনিক্স Grravix Power System LLP-এর Production Manpower অভিজ্ঞতা: 0-2 বছর; বেতন: Rs.12,000/- প্রতি মাস + Bonus কর্মস্থল: Green Park, Joka অগ্রাধিকার: Behala, Joka সংলগ্ন এলাকার প্রার্থী যোগাযোগ: 98361-96244/ info@grravixpower.com

□

5-year experience Civil Engineer and Supervisor for posting at Project sites West Bengal. Send mail: paulbuilderspltd@gmail.com

□

Required highly experience and fresh candidates of Power electronics. Mail: scientific it6ups@ yahoo.co.in

□

Manager cum Supervisor for Food Colour Factory at Cossipore, Kolkata. Age: below 35 years. Science graduate with Tally knowledge and 3 years of experience. Apply with expected salary at: kamalabrol2222@gmail.com

□

Wanted: Marketing & Sales Executive -Mining & OTR Tyre Dealers seeking a professional to handle regional marketing and sales focusing on corporate clients in West Bengal, Chhattisgarh and Jharkhand. Preference: Experience in the Mining Tyre Industry. Mob/ WhatsApp: 98372-19712 Email: miningotrtyres@gmail.com

□

Wanted experienced Office Assistant near Behala for correspondence, tendering. Mail with expd. salary at vcorpn@gmail.com

□

Direct Hiring- VRS/ Retd/ House-wife/ Others, Fixed Salary + Incentive & Promotion 10k-50k/ P.M Earn Immediate Joining. HS+. 62893-03389.

□

MNC needs Retd/ VRS/ গৃহবধূ for Manager. 26-73, HS+, Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr/3day. অফিসিয়াল জব: 98361-62116

□

মহিলা কর্মী চাই। সর্বক্ষণ থেকে আয়া ও দেখাশোনার জন্য খড়্গপুর বৃদ্ধাশ্রমে স্থায়ী কাজে নিয়োগ চলছে। যোগাযোগ-70017-31701, 76793-13842.

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩১ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১১ নভেম্বর **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ নভেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

Wanted supervisor for factory near mahestala with Diploma in Mechanical Engineering. Mail with expd. salary at jobvc24@gmail.com

□

MNC direct employee hiring for VRS/ Retd/ Housewife/ Others, Fixed Salary 10-50K/PM + Inc + Promotion. Excellent Future. HS+ 79803-44828.

□

MNC Job Opportunity. Fixed Salary + High Income for Development Role. Retired/ Housewife/ Female/ HS+. Limited Openings. M-98301-66735

□

Join as MNC Employee! Fixed Salary + High Income. Development Role. Retired/ Housewife. HS+, Male/ Female. Call- 98301-34942.

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.

assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

রাজ্য সরকারে ১১৪৫ সাব-সার্ভেয়র

প্রথম পাতার পর

টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। দু'টি পত্রের পরীক্ষা। প্রথম পত্রে থাকবে বাংলা বা নেপালি ভাষা বিষয়ে প্রশ্ন। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ ধরনের। নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পত্রে থাকবে ইংলিশ (৫০ নম্বর), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (৫০ নম্বর) ও সার্ভে ইঞ্জিনিয়ারিং (১০০ নম্বর) বিষয়ে প্রশ্ন। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। সময় আড়াই ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://psc.wb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৯ নভেম্বর পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১১০ টাকা (সার্ভিস চার্জ অতিরিক্ত)। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

দরখাস্ত সংশোধন করা যাবে ১১ থেকে ১৬ নভেম্বর পর্যন্ত।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রাজ্য সরকারে ২৬৬ স্টেনোগ্রাফার

প্রথম পাতার পর

প্রতিবন্ধী ৪, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১, খেলোয়াড় ২)।

খেলোয়াড় নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে— অ্যাথলেটিক্স (ট্রাক অ্যান্ড ফিল্ড ইভেন্ট-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েট লিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো-খো, আর্চারি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা বাধ্যতামূলক। প্রার্থীর কম্পিউটার-জ্ঞান থাকতে হবে।

বয়স: ১-১-২০২৫ তারিখে ১৮ থেকে ৪৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৮,৯০০-৭৪,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে তিনটি পর্যায়ে— লিখিত পরীক্ষা (১০০ নম্বর), ডিক্টেশন অ্যান্ড ট্রান্সক্রিপশন (৪০০ নম্বর) ও কম্পিউটার টাইপিং (১০০ নম্বর)। লিখিত পরীক্ষায় জেনারেল ইংলিশ বিষয়ে প্রশ্ন হবে। তিনটি পর্বের পরীক্ষা এক সঙ্গে হবে। পরীক্ষা হবে ডিসেম্বর মাসে। পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://psc.wb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ নভেম্বর পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা (সার্ভিস চার্জ অতিরিক্ত)। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

দরখাস্ত সংশোধন করা যাবে ১০ থেকে ১৩ নভেম্বর পর্যন্ত।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ভেলে ৬৬০ আর্টিজান

প্রথম পাতার পর

প্ল্যান্ট (হরিদ্বার, উত্তরাখণ্ড): ৬০টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১১, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **হেভি ইলেক্ট্রিক্যাল প্ল্যান্ট (ভোপাল, মধ্যপ্রদেশ):** ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ১২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ট্রান্সফর্মার প্ল্যান্ট (ঝাঁসি, উত্তরপ্রদেশ):** ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ১৩, ওবিসি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট (এনটিসি) বা আইটিআই কোর্স এবং ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এনএসি) কোর্স পাশ। এনটিসি বা আইটিআই এবং এনএসি কোর্সে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ১-১০-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: প্রথমে ১ বছর মাসে ২৪,০০০ টাকা। স্থায়ী হওয়ার পর ২৯,৫০০-৬৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ে— কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং স্কিল টেস্ট ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১১ ডিসেম্বর।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.bhel.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৮ নভেম্বর পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০৭২ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৪৭২ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সেন্ট্রাল ওয়্যারহাউজিংয়ে ৩২৭

প্রথম পাতার পর

(সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং)-ইলেক্ট্রিক্যাল: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং)-মেকানিক্যাল: ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

জুনিয়র এক্সিকিউটিভ (জেনারেল): ৭৮টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশন ও এমএস অফিস বিষয়ে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে।

জুনিয়র এক্সিকিউটিভ (টেকনিক্যাল): ৭৮টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার বা বটানি বা জুলজি বা বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা বায়োকেমিস্ট্রি বা ফুড সায়েন্স বা কেমিস্ট্রিতে বি এসসি ডিগ্রি। সেই সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশন ও এমএস অফিস বিষয়ে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে।

বয়স: ১৫-১১-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ২৯,০০০-৯৩,০০০ টাকা। বাকি পদগুলির ক্ষেত্রে ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে অনলাইন টেস্ট ও নথিপত্র যাচাই এবং বাকি পদগুলির ক্ষেত্রে অনলাইন টেস্ট, নথিপত্র যাচাই ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল— কলকাতা, হুগলি, শিলিগুড়ি, কল্যাণী ও বর্ধমান। অনলাইন টেস্ট হবে ২৩০ নম্বরের। সময় ৩ ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল) পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে— রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৬০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবিলিটিজ (ডেসক্রিপ্টিভ টেস্ট, ৩০ নম্বর)।

জুনিয়র এক্সিকিউটিভ (টেকনিক্যাল) পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে— সংশ্লিষ্ট বিষয় (৬৫ নম্বর), রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৪০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩৫ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৪০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (২০ নম্বর), ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবিলিটিজ (ডেসক্রিপ্টিভ টেস্ট, ৩০ নম্বর)।

জুনিয়র এক্সিকিউটিভ (জেনারেল) পদের ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে— রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫০ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবিলিটিজ (ডেসক্রিপ্টিভ টেস্ট, ৩০ নম্বর)।

বাকি পদগুলির ক্ষেত্রে অনলাইন পরীক্ষায় থাকবে— সংশ্লিষ্ট বিষয় (৬০ নম্বর), রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৩০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ নম্বর), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন এবিলিটিজ (ডেসক্রিপ্টিভ টেস্ট, ৩০ নম্বর)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cewacor.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৩৫০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কী পড়বেন, কী শিখবেন

অর্কিড ও মাশরুম চাষের প্রশিক্ষণ



নিজস্ব প্রতিনিধি: পৃথিবীর প্রায় সব দেশেই এখন বাণিজ্যিক ভিত্তিতে অর্কিড চাষ করা হয়। প্রাকৃতিক পরিবেশের বাইরে পলিহাউসে কৃত্রিম আলো ব্যবহার করে ও কৃত্রিম পরিবেশ তৈরি করে বাণিজ্যিক ভাবে অর্কিড চাষ করা সম্ভব। ভারতে এবং এই রাজ্যেও অর্কিড চাষে এই বিকল্প পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। শিলিগুড়ি ও পশ্চিম মেদিনীপুরে বাণিজ্যিক ভাবে অর্কিডের চাষ করা হচ্ছে।

জমিতে কিংবা বাড়ির ছাদে, দু' জায়গাতেই বিজ্ঞানসম্মত ভাবে পলিহাউস তৈরি করা যায়। অর্কিড চাষ নিঃসন্দেহে ভালো উপার্জনের দিশারী, তবে যেহেতু এর রোপণ ও পরিচর্যার পদ্ধতি কিছুটা আলাদা, তাই বাণিজ্যিক ভাবে চাষ করার পরিকল্পনা করার আগে হাতে-কলমে যথাযথ প্রশিক্ষণ নেওয়া প্রয়োজন। তার আগে স্বল্প মেয়াদের অনলাইন প্রশিক্ষণ নিয়ে অর্কিডের বাণিজ্যিক চাষের একটা ধারণা পেতে পারেন।

একই কথা বলা যায় মাশরুম চাষ সম্পর্কেও। সুস্বাদু, স্বাস্থ্যকর ও ঔষধিগুণ সম্পন্ন মাশরুমের চাহিদা বাড়ছে খাওয়া এবং ওষুধ তৈরির জন্য। মাশরুম চাষের জন্য আবাদি জমির প্রয়োজন হয় না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন। অভ্যন্তরীণ বাজার অত্যন্ত ভালো, এ ছাড়াও রপ্তানির সুযোগ আছে বিদেশে।

বিকল্প পরিবেশে অর্কিড ও মাশরুমের চাষ শেখাবে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। অনলাইন প্রশিক্ষণ।

সমাজসেবার ডিপ্লোমা কোর্স



নিজস্ব প্রতিনিধি: স্বেচ্ছাসেবী সংগঠন বা এনজিও-য় সমাজসেবা মূলক কাজ করতে হলে এ বিষয়ে পড়াশোনা ও হাতে-কলমে কাজ করার অভিজ্ঞতা থাকা জরুরি। কোনও একটি সামাজিক বিষয়ে গণ-সচেতনতা গড়ে তুলতে হলে কিংবা সমাজের পিছিয়ে পড়া বা অবহেলিত মানুষদের নিয়ে কাজ করতে চাইলে, জানতে হয় আইন, বুঝতে হয় প্রান্তিক মানুষের মনস্তত্ত্ব। নিজে কোনও স্বেচ্ছাসেবী সংস্থা খুলতে গেলেও সামাজিক ক্ষেত্রের নানা দিক জানা প্রয়োজন। বড় পরিসরে কাজ করতে গেলে দরকার পেশাদারি দক্ষতাও।

কোথায় প্রশিক্ষণ

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশনের (বেঙ্গল) প্রতিষ্ঠান, স্কুল অব সোশ্যাল ওয়ার্ক অ্যান্ড কমিউনিটি সার্ভিসেস, ছ' মাসের ডিপ্লোমা কোর্স পড়াবে। বিষয়: সোশ্যাল ওয়ার্ক ও কমিউনিটি সার্ভিস। বছরে দু'টি কোর্স পড়ানো হয়। ৯ জানুয়ারি থেকে নতুন কোর্স শুরু হবে। ভর্তির জন্য এখনই আবেদন করতে পারেন।

যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল পাশ। বাংলাভাষী হতে হবে। বাংলা ও ইংরেজি পড়তে ও লিখতে জানতে হবে। বয়সের কোনও বাধানিষেধ নেই।

কী পড়বেন: থিওরি ও প্র্যাক্টিক্যাল— দু'টি ভাগে বিভক্ত এই কোর্সটি। পঠনপাঠনের মাধ্যম বাংলা। তবে নোটস দেওয়া হয় ইংরেজিতেও। থিওরিতে পড়ানো হয় স্বাস্থ্য ও পুষ্টিবিজ্ঞান, জনসংযোগ, আইন, অর্থনীতি, সমাজতত্ত্ব, মনস্তত্ত্ব, অধিকার ও সুযোগ সম্পর্কিত আইন, কম্পিউটার ইত্যাদি। লাইব্রেরি ব্যবহার করার সুযোগ আছে। প্র্যাক্টিক্যালে থাকে ১৫ দিনের ফিল্ডওয়ার্ক। ছাত্র-ছাত্রীদের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায় পাঠানো হয়। প্র্যাক্টিক্যালে প্রোজেক্টে ১০০ নম্বর থাকে। ফিল্ডওয়ার্কে প্রার্থীর দক্ষতা বিচার করে অনেক সময় সংশ্লিষ্ট এনজিও-ই কাজের সুযোগ দেয়।

ক্লাসের সময়: শনি ও রবি— সপ্তাহে দু' দিন ক্লাস। শনিবার ক্লাসের সময় দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে পাঁচটা। রবিবার দুপুর দেড়টা থেকে সাড়ে পাঁচটা। **কোর্স ফি:** ২,৫০০ টাকা। **আবেদনের শেষ তারিখ:** ৩০ নভেম্বর।

আবেদনের পদ্ধতি: পরিষদের অফিসে সোম থেকে শনিবার, প্রতিদিন বেলা ১২টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ফর্ম দেওয়া হয়। ভর্তির ফর্ম ও প্রসপেক্টাসের দাম ৫০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ ফর্ম জমা দেওয়ার সময় জানিয়ে দেওয়া হবে। ইন্টারভিউয়ের সময় আবেদনকারীকে মূল মার্কশিট ও সার্টিফিকেট সঙ্গে নিয়ে যেতে হবে।

যোগাযোগের ঠিকানা: ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন, (বেঙ্গল), যাদবপুর ইউনিভার্সিটি ক্যাম্পাস (বেঙ্গল ল্যাম্প বাস স্ট্যান্ড), ১৮৮, রাজা সুবোধচন্দ্র মল্লিক রোড, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: (০৩৩) ২৪১৪-৬২৮২/ ৯৮৩০০-৬০৪১৭। হোয়াটসঅ্যাপ নম্বর: ৯৪৩২৫-৯৯৪৮৬ ও ৯৮৩০০-৬০৪১৭।

পঠনপাঠনের ভাষা হিন্দি ও ইংরেজি। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। কোর্সদু'টি যথাক্রমে—

অর্কিড প্রোডাকশন ইন প্রোটেক্টেড সেট আপ

কী শেখানো হবে: বেসিক লে-আউট অ্যান্ড স্ট্রাকচারাল ডিজাইন, ইউজ অব সেন্সর অ্যান্ড মনিটরিং টুল, পট সিলেকশন অ্যান্ড পটিং মেথড, টিস্যু কালচার, হার্ভেস্টিং, প্যাকেজিং, মার্কেট টিপস ইত্যাদি

কোর্সের মেয়াদ: ২ থেকে ৪ নভেম্বর। **ক্লাস:** সকাল ১০টা থেকে দুপুর দেড়টা। **ফি:** ৬,৪৮৮ টাকা।

মাশরুম ফার্মিং

কী শেখানো হবে: কমপোস্ট প্রোডাকশন, স্পন প্রোডাকশন, চাষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবহার, উপযুক্ত পরিবেশ, সার, কীটনাশক সম্পর্কে ধারণা ইত্যাদি

কোর্সের সময়: ৩ থেকে ৫ নভেম্বর। ক্লাসের সময় দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে চারটে

কোর্স ফি: ৬,৫৫০ টাকা

আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্যের জন্য দেখুন এই লিঙ্ক: https://iht.edu.in/view-courses/

ফরেন্সিক নার্সিং ও ফরেন্সিক ডেন্টিস্ট্রির এম এসসি কোর্স

ফরেন্সিক নার্সিং ও ফরেন্সিক ডেন্টিস্ট্রির এম এসসি কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ফরেন্সিক সায়েন্সেস ইউনিভার্সিটি। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

কোর্সের বিবরণ: আসনসংখ্যা: বিষয় প্রতি ২০টি।

শিক্ষাগত যোগ্যতা: ফরেন্সিক ডেন্টিস্ট্রির ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ডেন্টাল সার্জারিতে স্নাতক।

ফরেন্সিক নার্সিংয়ের ক্ষেত্রে নার্সিংয়ে বি এসসি বা অনার্স-সহ বি এসসি বা পোস্ট বেসিক বি এসসি পাশ। যে-কোনও স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nfsu.ac.in আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

কোর্স-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ফরেন্সিক ডেন্টিস্ট্রি: (০৭৯) ২৩৯৭-৭১০০ ২০৮৪, ফরেন্সিক নার্সিং: (০৭৯) ২৩৯৭-৭১০০ ২০৮০।



সেনাবাহিনীতে ৯০ টেকনিক্যাল অফিসার

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই ২০২৬-এর জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৫৭তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২৭-এর জুলাইয়ে। সফল প্রার্থীরা সিভিল, মেকানিক্যাল, টেলিকম ও আইটি (ডুয়াল ডিগ্রি), ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাবেন।

মোট শূন্যপদ: ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০২৬ পরীক্ষায় র‍্যাঙ্ক করে থাকতে হবে।

বয়স: ১-৭-২০২৭ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-২০০৮ থেকে ১-১-২০১১-র মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা জলন্ধর বা প্রয়াগরাজে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্ট হবে। ইন্টারভিউ নেওয়া হবে ফেব্রুয়ারি-মার্চে। ইন্টারভিউয়ে সফল প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৫৭তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মেয়াদ ৪ বছর। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দি আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১২ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন

✓১০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো
✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট এবং মার্কশিটের দু' কপি স্বপ্রত্যয়িত নকল
✓উচ্চ মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু' কপি স্বপ্রত্যয়িত নকল
✓জেইই (মেন), ২০২৬-এর রেজাল্টের দু' কপি স্বপ্রত্যয়িত নকল
✓সচিত্র পরিচয়পত্রের দু' কপি স্বপ্রত্যয়িত নকল

উপরোক্ত মূল সার্টিফিকেটগুলিও সঙ্গে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইসরোতে টেকনিশিয়ান, হেভি ভেহিক্যল ড্রাইভার

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক

বিভিন্ন শাখায় ৫১ জন টেকনিশিয়ান-বি এবং হেভি ভেহিক্যল ড্রাইভার-এ নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রের মহাকাশ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে বেঙ্গালুরুর ইউ আর রাও স্যাটেলাইট সেন্টারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: URSC:04:2026.

শূন্যপদের বিবরণ: টেকনিশিয়ান-বি: পোস্ট কোড ০১: ইলেক্ট্রনিক্স মেকানিক/টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেমস/মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস/ইনস্ট্রুমেন্ট মেকানিক/মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স: ২৪টি (সাধারণ ১৬, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **পোস্ট কোড ০২: ফিটার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **পোস্ট কোড ০৩: ইলেক্ট্রিশিয়ান:** ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **পোস্ট কোড ০৪: রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত আইটিআই বা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে।

পোস্ট কোড ১১: হেভি ভেহিক্যল ড্রাইভার-এ: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীর অবশ্যই হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে ৩ বছর হেভি ভেহিক্যল এবং ২ বছর লাইট ভেহিক্যল ড্রাইভারের অভিজ্ঞতা-সহ মোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১৩-১১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: টেকনিশিয়ান পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২১,৭০০ টাকা। হেভি ভেহিক্যল ড্রাইভার পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১৯,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। টেকনিশিয়ানের ক্ষেত্রে থাকবে ৮০ নম্বরের পরীক্ষা, সময় দেড় ঘণ্টা। হেভি ভেহিক্যল ড্রাইভারের ক্ষেত্রে থাকবে ১০০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। স্কিল টেস্ট উভয় ক্ষেত্রেই ১০০ নম্বরের।

প্রার্থীকে প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ncs.gov.in/ এরপর অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.isro.gov.in, www.ursc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৩ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। অনলাইন ফর্ম যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। লিখিত পরীক্ষায় বসলে মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের পুরো ৫০০ টাকা এবং বাকি ক্যাটেগরির প্রার্থীদের ৪০০ টাকা ফেরত দেওয়া হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইনকাম ট্যাক্সে ১১৯ দক্ষ খেলোয়াড়

প্রথম পাতার পর

মহিলা ১)। অ্যাথলেটিক্স ১৫টি (পুরুষ ৮, মহিলা ৭)। ব্যাডমিন্টন ৫টি (পুরুষ ২, মহিলা ৩)। বাস্কেটবল ৫টি (পুরুষ ১, মহিলা ৪)। বিলিয়ার্ডস অ্যান্ড স্নুকার্স ৩টি (পুরুষ ২, মহিলা ১)। বডিবিল্ডিং ১টি (পুরুষ)। বক্সিং ৬টি (পুরুষ ৩, মহিলা ৩)। চেস ২টি (পুরুষ ১, মহিলা ১)। ক্রিকেট ৪টি (পুরুষ)। সাইক্লিং ৩টি (পুরুষ ২, মহিলা ১)। ফুটবল ৬টি (পুরুষ)। গল্ফ ২টি (পুরুষ ১, মহিলা ১)। জিমন্যাস্টিক্স ৩টি (পুরুষ ১, মহিলা ২)। হকি ১২টি (পুরুষ ৭, মহিলা ৫)। জুডো ২টি (পুরুষ ১, মহিলা ১)। কবাডি ৯টি (পুরুষ ৫, মহিলা ৪)। ক্যারাটে ২টি (পুরুষ ১, মহিলা ১)। প্যারা স্পোর্টস ৬টি (পুরুষ ৩, মহিলা ৩)। শ্যুটিং ২টি (পুরুষ ১, মহিলা ১)। স্কোয়াশ ১টি (পুরুষ)। সুইমিং ৩টি (পুরুষ ১, মহিলা ২)। টেবল টেনিস ৪টি (পুরুষ ২, মহিলা ২)। টেনিস ৪টি (পুরুষ ২, মহিলা ২)। ট্রায়াথলন ১টি (পুরুষ)। ভলিবল ৭টি (পুরুষ ৪, মহিলা ৩)। ওয়েটলিফটিং ৪টি (পুরুষ ২, মহিলা ২)। রেসলিং ৫টি (পুরুষ ৩, মহিলা ২)।

পোস্ট অনুসারে শূন্যপদের বিন্যাস: ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট: ৪৪টি। স্টেনোগ্রাফার গ্রেড-টু: ৯টি। মাল্টি টাস্কিং স্টাফ: ৬৬টি।

শিক্ষাগত যোগ্যতা: ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সেই সঙ্গে ডেটা এন্ট্রিতে ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে।

স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে উচ্চ মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্কিল টেস্টে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে এবং হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করতে হবে।

মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল।

সব ক্ষেত্রেই প্রার্থীকে ৩১-৮-২০২৬ তারিখের মধ্যে পাশ করে থাকতে হবে।

খেলাধুলোর যোগ্যতা: আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ন্যাশনাল স্পোর্টস ফেডারেশন বা ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত সিনিয়র বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা গেমসে রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। সিনিয়র বিভাগে পদক জিতে থাকলে অগ্রাধিকার। অথবা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্টার-ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড কর্তৃক আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা বা খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি প্রতিযোগিতায় কোনও বিশ্ববিদ্যালয়ের হয়ে অংশগ্রহণ করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস বা খেলো ইন্ডিয়া উইন্টার গেমস বা খেলো ইন্ডিয়া প্যারা গেমসে রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় স্তরের প্রতিযোগিতায় বিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। ১-১-২০২০ থেকে ১৫-১০-২০২৬ তারিখের মধ্যে অর্জিত যোগ্যতাই কেবল গ্রাহ্য হবে।

বয়স: ৩১-৮-২০২৬ তারিখে ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে বয়সে ছাড় পাওয়া যাবে।

বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে গ্রেড পে ২,৪০০ টাকা। মাল্টি টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে গ্রেড পে ১,৮০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.incometaxdelhi.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। ১০ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইরকনে ম্যানেজার

ইলেক্ট্রিক্যাল শাখায় ৩৭ জন ম্যানেজার নেবে ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড। এটি রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে নর্থইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ের লামডিং ও তিনসুকিয়া ডিভিশনের বিভিন্ন প্রোজেক্টে। প্রাথমিক ভাবে ১৮ মাসের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ১ বছর বৃদ্ধি পেতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে।

ইন্টারভিউ কলকাতায় ১৯ ও ২০ নভেম্বর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: C-12/2026.

শূন্যপদের বিন্যাস: সাধারণ ১৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১-১০-২০২৬ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৯ ও ২০ নভেম্বর, প্রতি দিন সকাল ১০টা থেকে। রেজিস্ট্রেশন করা যাবে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: IRCON INTERNATIONAL LIMITED, EASTERN REGION, 378, Prantik Pally, Kasba, Near 47B Bus Stand, Kolkata-700107.

ইন্টারভিউয়ের দিন সঙ্গে নেবেন

✓যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ircon.org
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় মূল নথিপত্র ও কপি।
✓প্রযোজ্য ক্ষেত্রে মূল কাস্ট সার্টিফিকেট ও তার কপি।
✓শেষ ২ মাসের স্যালারি স্লিপ-সহ অভিজ্ঞতার মূল প্রমাণপত্র ও তার কপি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

সুপ্রিম কোর্টে সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট

প্রথম পাতার পর

গতি এবং কম্পিউটারে মিনিটে ৪০টি ইংরেজি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। কম্পিউটার জানতে হবে।

বয়স: ১-১০-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৪৭,৬০০ টাকা। সঙ্গে অন্যান্য সুবিধা।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, শর্টহ্যান্ড টেস্ট, টাইপিং টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ৭ ডিসেম্বর। মোট ১০০ নম্বরের। সময়সীমা দেড় ঘণ্টা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর)— জেনারেল ইংলিশ (২৫), জেনারেল নলেজ (২৫), ভারতীয় সংবিধানে বিচার বিভাগীয় প্রসঙ্গ (২৫), সুপ্রিম কোর্ট রুল-২০১৩ (১৫) এবং কম্পিউটার অপারেশন (১০)। লিখিত পরীক্ষায় কোনও নেগেটিভ মার্কিং নেই। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ নভেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ফি জমা দিতে হবে অনলাইনে ইউকো ব্যাঙ্কের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

রেলে ১২৫০ স্টেশন মাস্টার

প্রথম পাতার পর

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rrbapply.gov.in অনলাইন আবেদন করা যাবে ২৫ নভেম্বর পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইটগুলিও: www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbmalda. gov.in (মালদা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি)।

স্কলারশিপের খোঁজখবর

সকল ইন্ডিয়া ফাউন্ডেশন ডেভেলপমেন্ট স্কলারশিপ ২০২৬

উচ্চশিক্ষায় আগ্রহী মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে সকল ইন্ডিয়া ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: অন্তত দশম শ্রেণি পাশ। শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৮৫ শতাংশ নম্বর-পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ১০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SICS5 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

মহীন্দ্রা সারথি অভিযান ২০২৬-২৭

ট্রাক চালকদের কন্যাসন্তানদের স্কলারশিপ দিচ্ছে মহীন্দ্রা অ্যান্ড মহীন্দ্রা লিমিটেড। একাদশ, দ্বাদশ, স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পাঠরতরা আবেদন করতে পারেন।

স্কলারশিপের পরিমাণ: ১০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/MHSA4 আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর।

বাহনী স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

উচ্চমাধ্যমিক পাঠরত মেধাবী ও আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাহনী স্কলারশিপ ট্রাস্ট। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৩ লাখের নীচে। **আবেদনের যোগ্যতা:** অন্তত ৮৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ।

স্কলারশিপ বাবদ টিউশন ফি, ল্যাপটপ, যাতায়াতের খরচ দেওয়া হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/VAHA1 আবেদনের শেষ তারিখ ১ নভেম্বর।

উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক ট্রান্সজেন্ডার স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর কোর্সে পাঠরত ট্রান্সজেন্ডার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** দশম বা দ্বাদশ শ্রেণিতে মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: এককালীন সর্বাধিক ৪০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/USFB2 আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর।

পরিবর্তন ই সি এস এস প্রোগ্রাম ২০২৬-২৭

এক থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, পলিটেকনিক কোর্সে পাঠরত আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/HDFC63 আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর।

আদিত্য বিড়লা ক্যাপিটাল স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, পলিটেকনিক কোর্সে পাঠরত আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আদিত্য বিড়লা ক্যাপিটাল ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: সর্বাধিক ৬০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/ABCC18 আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর।

(তথ্য সহায়তা: buddy4study)

JOB NOTICE: URGENT HIRING FOR MULTIPLE POSITIONS

A reputed organization is urgently seeking qualified, dynamic, and experienced professionals to join our team.

1. **Job Post: HR Executive / HR Manager**- Preferable experience
2. **Job Post: Showroom Manager/Service Manager**
   Preferable experience on Automobile Service
3. **Job Post: Honda EV Sales Executive**- Preferable experience
4. **Job Post: Chartered Accountant (CA)**
   Salary: Negotiable (commensurate with experience and expertise)
   Employment Type: Full-Time (Strictly dedicated to our firm; no external practice allowed)
5. **Job Post: Principal**
   School: Prasanta Futuristic World School
   Affiliation: CBSE Board Class: Playgroup to II
   Salary: Negotiable (commensurate with qualifications and experience in CBSE board)
   Employment Type: Full-time
6. **Job Post: Resort & Hotel Manager**
   Salary: Negotiable (commensurate with experience and expertise in hotel section)

Phone: 8637359532 // 9434454155 // 8101887172
Email: prasantahondaotp@gmail.com

HERITAGE INSTITUTE OF TECHNOLOGY
(An Autonomous Institute declared by UGC, accredited by NAAC with 'A' Grade, approved by AICTE and affiliated to MAKAUT, WB)

APPLY NOW FOR DIRECT ADMISSION

FEW SEATS LEFT

B.Tech.

THE HERITAGE ADVANTAGE
- Academic Excellence
- Strong Industry Connect
- A Culture of Innovation & Research
- Career-Focused Education
- Global Learning Exposure
- Student-Centric Campus Life



Helpdesk: 9830201234
admissions2026@heritageit.edu | www.heritageit.edu
99A MADURDAHA, CHOWBAGA ROAD ANANDAPUR, P.O. EAST KOLKATA TOWNSHIP KOLKATA 700 107

কী শিখবেন, কোথায় শিখবেন

ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতে ভর্তি

ডিজাইন ও ফ্যাশন টেকনোলজির বেশ কয়েকটি স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পরীক্ষা ১০ জানুয়ারি।

স্নাতক কোর্স: ব্যাচেলর অব ডিজাইন কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ফ্যাশন কমিউনিকেশন, অ্যাকসেসরি ডিজাইন, ফ্যাশন ডিজাইন, নিটওয়্যার ডিজাইন, লেদার ডিজাইন, টেক্সটাইল ডিজাইন, ফ্যাশন ইন্টিরিয়র।

ব্যাচেলর অব ফ্যাশন টেকনোলজি কোর্স পড়ানো হবে অ্যাপারেল প্রোডাকশন বিষয়ে। কোর্সের মেয়াদ ৪ বছর।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক অথবা ৩ বা ৪ বছরের ডিপ্লোমা।

স্নাতকোত্তর কোর্স: মাস্টার অব ডিজাইন কোর্স পড়ানো হবে এই বিষয়ে: ডিজাইন, ফ্যাশন ম্যানেজমেন্ট, ফ্যাশন টেকনোলজি। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতকোত্তর স্তরের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক অথবা ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন (এন আই ডি) বা ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি (এন আই এফ টি) থেকে আন্ডার-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ। ফ্যাশন টেকনোলজির ক্ষেত্রে বি ই বা বি টেক।

বয়স: স্নাতক কোর্সের ক্ষেত্রে ১-৮-২০২৭ তারিখে ২৪ বছরের মধ্যে হতে হবে। স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে জেনারেল এলিজিবিলিটি টেস্ট ও ক্রিয়েটিভ এবিলিটি টেস্টের মাধ্যমে। জেনারেল এবিলিটি টেস্ট ১০ জানুয়ারি। এরপর ব্যাচেলর অব ডিজাইন কোর্সের ক্ষেত্রে নেওয়া হবে স্টুডিও টেস্ট ও ফ্যাশন টেকনোলজির ক্ষেত্রে নেওয়া হবে টেকনিক্যাল এবিলিটি টেস্ট। সবশেষে থাকবে পার্সোন্যাল ইন্টারভিউ।

প্রবেশিকা পরীক্ষার অ্যাডমিট কার্ড ৪ জানুয়ারি থেকে ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: https://exams.nta.nic.in/niftee পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://exams.nta.nic.in/niftee অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ নভেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর তাৎক্ষণিক তোলা ফটো, স্ক্যান করা ফটো (১০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (১০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য পয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলাইন আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন।

আবেদনের ফর্ম সংশোধন করা যাবে ২২ থেকে ২৫ নভেম্বর পর্যন্ত।

ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট এবং আবেদনপত্র সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদন পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Delhi Public School Ruby Park, Kolkata
254 Shanti Pally, R. B. By-Pass Connector, Kolkata 700 107
Ph.: 033 7130 0239 / 240 / 258 / 265

Delhi Public School, Durgapur
School Campus: Plot # 2D/10, Sector 2D, Bidhannagar, Durgapur 713 212
Ph.: +91 90077 95297

Website: *www.dpskolkata.com and www.dpsdurgapur.com* **Email:** *jobs@dpskolkata.com and jobs@dpsdurgapur.com*

DPS Ruby Park, Kolkata and DPS Durgapur are Co-educational CBSE schools, established by the OmDayal Group under the aegis of The Delhi Public School Society, New Delhi.

The schools have state-of-the-art infrastructure and follow a holistic approach at par with international standards in education. Besides this, a host of co-curricular activities and sports facilities provide a platform that will bring out the best in our students and propel them toward success.

We invite energetic, passionate and committed educators to join our institution. We focus on preparing students for competitive examinations while fostering a strong foundation for a successful future. Applicants must have a strong academic background, excellent English communication skills, relevant teaching experience and involvement in co-curricular activities, preferably in CBSE schools.

The selection procedure will involve written tests, interviews and demonstration classes.

Salary will not be a constraint for deserving candidates.

We require the following personnel for the Academic Session 2027-28:

Vice Principal and Head Master/ Mistress for DPS Durgapur: Post graduate with B.Ed and min. 10 yrs. teaching experience as PGT in senior secondary level with 4-5 yrs. of administrative experience.

	PGT (XI - XII)	TGT (VI - X)	PRT (I - V)	Pre-Primary Teachers
Qualification, Experience and Age	Postgraduate with B.Ed. with experience of at least 5 years. Age not more than 45-50 years.	Postgraduate with B.Ed. with experience of at least 5 years. Age not more than 40-45 years.	Graduate with B.Ed. with experience of at least 3 years. Age not more than 35-40 years.	Montessori trained / TTC / D.El.Ed. with experience of a minimum of 2 years at a similar level. Age not more than 30-35 years.
Subjects	English / Mathematics / Physics / Chemistry / Biology / Economics / Computer Science / Physical Education / Accountancy / Business Studies / Geography / History / Political Science / Psychology / Sociology / Hindi / Sanskrit / Bengali / French / German/ Librarian / Dance / Music (Eastern & Western) / Instrumental Music (Guitar, Piano, Violin, Tabla) / Art Teacher			

Other Positions:

Administrator: At least 5 years of experience in a school as an Administrator. Ex-servicemen will be given preference.

Qualification: Graduate, preferably postgraduate. **Age:** Not less than 45 years.

Marketting Executive for DPS, Durgapur: With relevant qualification and experience in the field.

Assistant Librarian | Office Assistant | Science Lab. Assistant | Receptionist | Admission Counsellor | Accountant |

Qualification: Graduates with special training in the respective discipline with relevant experience of a minimum of 2 years.

School Counsellor: Postgraduate in Psychology & RCI-registered with a relevant qualification in counselling. A minimum of 5 years of relevant experience.

Special Educator: Postgraduate in Psychology with B.Ed. (Special Education) and RCI-registered. A minimum of 5 years of relevant experience.

Career Counsellor: With relevant qualifications & experience in the field. A minimum of 5 years of experience in career counselling in a reputed school is required.

Transport Manager: With relevant qualification and experience in the field.

Civil Engineer: With relevant qualification and experience in the field

Coaches: Athletics / Chess / Badminton / Cricket / Table Tennis / Basketball / Football / Gymnastics / Fitness Trainer / Yoga / P.T. / Karate/ Swimming / Diving. **Qualification:** Those who have played at least at the State level will be given preference. **Age:** Not more than 35 years.

Wardens for Boys & Girls Hostel for DPS, Durgapur: Graduate with knowledge of computers and at least 3 years of experience in a similar position. **Age:** 30 - 40 years.

Fire Safety Officer: Engineering course/Certificate course in Fire and Safety Management, Experience in relevant field will be preferred.

Please apply Online ONLY on our website: http://www.dpskolkata.com/jobs | http://www.dpsdurgapur.com/jobs

Last date for receiving the applications is 30th October, 2026.

An OmD... Initiative

হাওড়ায় ১৪৭

স্টাফ নার্স, কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট, ফার্মাসিস্ট

বিভিন্ন পদে ১৪৭ জন স্বাস্থ্যকর্মী নেবে হাওড়া জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ করা হবে স্টাফ নার্স, কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট পদে। চুক্তিতে নিয়োগ করা হবে ন্যাশনাল হেল্‌থ মিশন এবং পঞ্চদশ অর্থ কমিশন স্বাস্থ্য অনুদান প্রকল্পে। কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHFWS/HOW/2284.

শূন্যপদের বিবরণ: ফার্মাসিস্ট: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্মাসিতে (অ্যালোপ্যাথিক) অন্তত ২ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল ফার্মাসি কাউন্সিলে 'এ' ক্যাটেগরি ফার্মাসিস্ট হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটারে মাইক্রোসফট অফিস ও ইন্টারনেট ব্যবহারে দক্ষ হতে হবে। উচ্চতর যোগ্যতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২২,০০০ টাকা।

স্টাফ নার্স: ৫২টি (সাধারণ ২৮, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৮, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জিএনএম) কোর্স পাশ। অথবা, বি এসসি নার্সিং কোর্স পাশ। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

কমিউনিটি হেল্‌থ অ্যাসিস্ট্যান্ট (আর্বান): ৮৬টি (সাধারণ ৩০, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৪, তফসিলি জাতি ২৪, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। শিক্ষাগত যোগ্যতা: অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (এএনএম) বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি (জিএনএম) কোর্স পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। হাওড়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে ও বাংলা ভাষা জানা থাকা চাই। বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

১-১-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটার টেস্ট থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbhealth.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ৩০ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ অক্টোবর। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কেন্দ্রীয় সংস্থায় ১৩১ ট্রেডসম্যান ট্রেনি

ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইনস্ট্রুমেন্টেশন এবং অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে ১৩১ জন ট্রেনি নেবে ইন্ডিয়ান রেয়ার আর্থস (আইআরইএল)। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ওড়িশা, কেরল, অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ুর বিভিন্ন ইউনিটে। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে সংশ্লিষ্ট সংস্থায় চাকরির সুযোগ আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CO/HRM/36/2026.

ইউনিট ও ট্রেড অনুসারে শূন্যপদের বিন্যাস: **ফিটার:** ওড়িশা: ৩২টি, চাভারা (কেরল): ২৬টি, তামিলনাড়ু: ২০টি, অ্যালুভা (কেরল): ১৩টি, অন্ধ্রপ্রদেশ: ১টি, ভোপাল: ১টি। **ইলেক্ট্রিশিয়ান:** ওড়িশা: ৪টি, চাভারা (কেরল) : ৩টি, তামিলনাড়ু: ৪টি, অ্যালুভা (কেরল) ১টি। **ইনস্ট্রুমেন্টেশন:** ওড়িশা: ৪টি, অন্ধ্রপ্রদেশ: ১টি, ভোপাল: ১টি। **অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট:** চাভারা (কেরল): ৪টি, অ্যালুভা (কেরল): ১১টি, অন্ধ্রপ্রদেশ: ৩টি, ভোপাল: ২টি।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। সেই সঙ্গে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ক্ষেত্রে বৈধ লাইসেন্স থাকতে হবে। অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর ও কেমিস্ট্রি-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক উত্তীর্ণরাও আবেদন করতে পারেন।

বয়স: ১৩-১১-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ৩৪,২০০ টাকা। ট্রেনিং শেষে বেতনক্রম ২২,০০০-৮৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্ট বা ট্রেড টেস্ট ও কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্রগুলি হল: মুম্বই, নাগপুর, ভুবনেশ্বর, বেরহামপুর, ভোপাল, ইন্দোর, বিশাখাপত্তনম, বিজয়ওয়াড়া, ত্রিবান্দ্রম, কোচি, চেন্নাই, নাগেরকয়েল। লিখিত পরীক্ষা হবে দু'টি পেপারে। প্রথম পেপারে সংশ্লিষ্ট বিষয়-ভিত্তিক প্রশ্ন হবে। দ্বিতীয় পেপারে থাকবে জেনারেল নলেজ, লজিক্যাল রিজনিং, নিউমেরিক্যাল এবিলিটি ও ইংলিশ বিষয়ে প্রশ্ন। দু'টি পেপারেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.irel.co.in

প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ১৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই ও প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। ৩ মাসের বেশি পুরনো ফটো চলবে না।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৮২৬ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে প্রসেসিং ফি বাবদ দিতে হবে ৩৫৪ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফল বেরল

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০২৬-এর লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://www.upsc.gov.in

স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত কনস্টেবল (জেনারেল ডিউটি) ইন সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সেস সেক্রেটারিয়াল সিকিউরিটি ফোর্সেস, রাইফেলম্যান ইন অসম রাইফেলস এক্সামিনেশন, ২০২৬-এর পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://ssc.gov.in



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in